



নং : স্মারক নং-প্রশা:/ইবি-২০২০/১৪৯৩

**“একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত”**  
**“বিজ্ঞপ্তি”**


তারিখ : ৩১ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (COVID-19) সংক্রমণের মাত্রা উন্নতি না হওয়ায় সরকারি সাধারণ ছুটির মেয়াদ ধারাবাহিকভাবে বৃদ্ধির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.২০(এ) তারিখ ২৭ আগস্ট ২০২০ খ্রি. এর আলোকে উক্ত ভাইরাস সংক্রমণ মোকাবেলা ও এর ব্যাপকতা রোধকল্পে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহের ছুটির মেয়াদ ০১ সেপ্টেম্বর ২০২০ খ্রি. থেকে ০৩ অক্টোবর ২০২০ খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হলো। এ সময়ে নিজেদের এবং অন্যদের করোনা ভাইরাস সংক্রমণ থেকে সুরক্ষার লক্ষ্যে শিক্ষার্থীগণ নিজ নিজ বাসস্থানে অবস্থান করবেন এবং টেলিভিশন ও অনলাইন শিক্ষা কার্যক্রমের সাথে সংযুক্ত থাকবেন। শিক্ষার্থীদের বাসস্থানে অবস্থানের বিষয়টি অভিভাবকবৃন্দ নিশ্চিত করবেন এবং স্থানীয় প্রশাসন না নিবিড়ভাবে পরিবীক্ষণ করবেন।

করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে গত ১৩.০৪.২০২০ তারিখের স্মারক নং প্রশা:/ইবি-২০২০/১২১৪ এ প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ক্লাস, পরীক্ষা ও হলসমূহ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে। তবে ভার্চুয়াল শিক্ষা কার্যক্রম চলমান থাকবে।

এছাড়া, অতি জরুরী এবং অত্যাবশ্যিকীয় কার্যক্রম চালু রাখার জন্য সীমিত আকারে অফিসসমূহ চালু রাখা যাবে। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজে সম্পূর্ণ শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ স্টেশন ত্যাগ না করে স্ব-স্ব গৃহে অবস্থান করবেন এবং মোবাইল ফোন চালু রাখবেন, যাতে জরুরী প্রয়োজনে কর্মস্থলে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক দায়িত্ব পালন করতে পারেন।

উল্লেখ্য, এ সময়ে মেডিকেলসহ জরুরী সেবাসমূহ (পানি, বিদ্যুৎ) যথারীতি চালু থাকবে এবং নিরাপত্তা গ্রহণীদের স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক দায়িত্ব পালন করতে হবে। করোনা পরিস্থিতি সংক্রান্ত যে কোন প্রয়োজনে “ইবি করোনা প্রতিরোধ সেল”-এর সাথে যোগাযোগ (০১৭২৭-৩০০১১৯) করার জন্য অনুরোধ করা হলো।

  
 (এস.এম. আদিল লিতিফ)  
 রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
 ইসলামী বিশ্ববিদ্যালয়

স্মারক নং-প্রশা:/ইবি-২০২০/১৪৯৩

তারিখ: ৩১ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কপি প্রেরিত হলো (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ১। ডীন....., ইবি
- ২। পরিচালক, আই.আই.ই.আর, ইবি।
- ৩। সভাপতি....., ইবি
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), ইবি
- ৫। গ্রন্থাগারিক (ভারপ্রাপ্ত), ইবি।
- ৬। প্রভোস্ট, ....., ইবি
- ৭। প্রক্টর, ইবি।
- ৮। ছাত্র-উপদেষ্টা, ইবি।
- ৯। পরিচালক (ভারপ্রাপ্ত), পরিকল্পনা ও উন্নয়ন অফিস, ইবি
- ১০। প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), ইবি
- ১১। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব অফিস, ইবি
- ১২। প্রধান মেডিক্যাল অফিসার (ভারপ্রাপ্ত), ইবি
- ১৩। পরিচালক, আইকিউএসি (লাইব্রেরী ভবন, ৩য় তলা), ইবি
- ১৪। পরিচালক, টি.এস.সি.সি. ইবি
- ১৫। পরিচালক, শরীর চর্চা ও ক্রীড়া অফিস, ইবি
- ১৬। পরিচালক, আইসিটি সেল (বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো), ইবি
- ১৭। প্রেস প্রশাসক, প্রিন্টিং প্রেস, ইবি
- ১৮। পরিবহন প্রশাসক, ইবি
- ১৯। আইন প্রশাসক, আইন সেল, ইবি
- ২০। প্রধান সমন্বয়কারী কর্মকর্তা, বি.এন.সি.সি, ইবি
- ২১। সম্পাদক, রোভার স্কাউট, ইবি
- ২২। অতিরিক্ত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইবি
- ২৩। উপ-পরিচালক, তথ্য, ইবি
- ২৪। উপ-রেজিস্ট্রার (শিক্ষা), ইবি
- ২৫। উপ-রেজিস্ট্রার (কাউন্সিল), ইবি
- ২৬। উপ-রেজিস্ট্রার (এস্টেট), ইবি
- ২৭। পিএস টি ভিসি, ভিসি অফিস (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইবি
- ২৮। পিএস টি প্রো-ভিসি, প্রো-ভিসি অফিস (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইবি
- ২৯। পিএস টি ড্রেজারার, ড্রেজারার অফিস (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইবি
- ৩০। পিএস টি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইবি
- ৩১। পেশ ইমাম-কাম-খতিব, কেন্দ্রীয় মসজিদ, ইবি
- ৩২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইবি থানা
- ৩৩। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), ইসলামী বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, ইবি
- ৩৪। নথি
- ৩৫। মহানথি।

  
 শাখা কর্মকর্তা  
 ইসলামী বিশ্ববিদ্যালয়